



শঙ্খমালা-র উদ্যোগে

আবৃত্তিযোগ্য

মৌলিক এবং অন্য কবি ও গদ্যকারের
লেখা থেকে গ্রন্থিত সংকলন-এর জন্য

কৌশিক রায়চৌধুরী স্মৃতি পুরস্কার

মোট ২টি পুরস্কার

- ১। পূর্ণ দৈর্ঘ্যের মৌলিক রচনা / সংকলন ১০,০০০টাকা
- ২। স্বল্প দৈর্ঘ্যের মৌলিক রচনা / সংকলন ৫,০০০টাকা

নিয়মাবলি

- ১। পূর্ণ দৈর্ঘ্য অর্থে প্রযোজনার সময়সীমা আনুমানিক ১ঘন্টা ১৫মিনিট এবং স্বল্প দৈর্ঘ্য অর্থে প্রযোজনার সময় অনধিক ৩০মিনিট বিবেচ্য হবে।
- ২। রচনা / সংকলন হতে হবে অপ্রকাশিত।
- ৩। বিষয়ের কোনও বিধিনিষেধ নেই তবে তা যেন কুরুচিকর কিংবা কোনও রকম অবমাননাকর না হয়।
- ৪। মৌলিক রচনার ক্ষেত্রে লেখকের নাম, সম্পূর্ণ ঠিকানা, ফোন নং, ই-মেল আইডি উল্লেখ থাকা জরুরি। সেই সঙ্গে হলফনামায় লিখে দেবেন লেখাটি মৌলিক এবং অপ্রকাশিত ও এযাবৎ অ-প্রযোজিত।
- ৫। সংকলনের ক্ষেত্রে সংকলকের নাম, সম্পূর্ণ ঠিকানা, ফোন নং, ই-মেল আইডি এবং যেসব কবি গদ্যকারের রচনা / সংগীত থেকে সংগৃহীত হয়েছে তা নির্দিষ্টভাবে উল্লেখ করা আবশ্যিক। লেখার সঙ্গে হলফনামায় লিখে দেবেন যে সংকলনটি অপ্রকাশিত ও এযাবৎ অ-প্রযোজিত।
- ৬। ডাকযোগে লেখা পাঠাবেন বাংলা হরফে টাইপ করে এবং এ-ফোর সাইজের কাগজে একপিঠে প্রিন্ট করে। শঙ্খমালা, ২/১১৬ যতীনদাস নগর, বেলঘরিয়া, কলকাতা ৭০০০৫৬, এই ঠিকানায়।
- ৭। ই-মেলে লেখা পাঠাতে হলে পি ডি এফ ফরম্যাটে লেখা পাঠাবেন। ই-মেল আই-ডি : sumantra_1963@yahoo.co.in
- ৮। লেখা সময়মত কিংবা আদৌ না পৌঁছলে তার জন্য শঙ্খমালা কোনওভাবেই দায়ী থাকবে না।
- ৯। জমা হওয়া সমস্ত রচনা / সংকলনই প্রযোজনার অধিকার থাকবে শঙ্খমালার। তবে তার জন্য লেখককে সাম্মানিক প্রদান করা যেতে পারে।
- ১০। ৩/৪ সদস্যের নির্বাচকমন্ডলীর সম্মিলিত সিদ্ধান্তেই নির্ধারিত হবেন বিজয়ীগণ। এবং নির্বাচকমন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলেই বিবেচিত হবে।
- ১১। যদি কোনও ভাবে পরে জানা যায় যে পুরস্কৃত রচনা / সংকলনটি মৌলিক নয় এবং পূর্বপ্রকাশিত তবে সেই রচনাকার আইনি জটিলতায় পড়তে পারেন। এবং এ বিষয়ে উদ্ভূত সমস্ত আইনি জটিলতা কেবলমাত্র কলকাতা আদালতেই সমাধানযোগ্য।
- ১২। পুরস্কারের অর্থমূল্য চেক-এ প্রদান করা হবে এবং প্রযোজ্য ট্যাক্স বিজেতাকেই বহন করতে হবে।
- ১৩। জমা হওয়া কোনও পান্ডুলিপিই (নির্বাচিত বা অনির্বাচিত) ফেরৎ দেওয়া হবে না। তাই প্রতিলিপি রেখে লেখা পাঠাবেন।
- ১৪। রচনা / সংকলন পাঠাবার শেষ তারিখ ৩০জানুয়ারি ২০১৯।
- ১৫। পাঁচটি সেরা পান্ডুলিপি নিয়ে একটি বই প্রকাশ করা হবে শঙ্খমালার তত্ত্বাবধানে। এই প্রতিযোগিতার অংশগ্রহণকারীদের প্রত্যেকেই এই প্রকাশনার জন্য পূর্ব ও পূর্ণ সম্মতি দিয়েছেন ধরে নেওয়া হবে। সাম্মানিকের কোনও দাবী গ্রাহ্য হবে না।
- ১৬। প্রতিযোগিতা বিষয়ে বিশদ জানতে ফোন করতে পারেন ৯৮৭৪৪০৪৪২২ বা ৯৮৩১৯৫০৬৯৯ নম্বরে। তবে নির্বাচন বিষয়ক ও ফলাফলের জন্য ফোন করবেন না। ফলাফল যথাসময়ে জানানো হবে। যাঁরা নির্বাচিত হবেন তাঁদের সঙ্গে আমরা সরাসরি যোগাযোগ করে নেব।
- ১৭। প্রাপ্ত পান্ডুলিপির অপ্রতুলতা কিংবা নির্বাচকমন্ডলীর বিবেচনায় পুরস্কারের জন্য উপযুক্ত নয়, এমন হলে প্রতিযোগিতা বাতিল বলে গণ্য হবে।

